

## বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের রেসিডেন্সী প্রোগ্রাম, “ফেজ-এ”-এর ভর্তি পরীক্ষা সূষ্ঠ ও সুন্দরভাবে অনুষ্ঠিত

কোনো ধরণের অনিয়ম, অভিযোগ ছাড়াই অত্যন্ত সূষ্ঠ ও সুন্দরভাবে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধীন “ফেজ-এ”-এর মার্চ ২০১৮ সেশনের ভর্তি পরীক্ষা আজ ১০ নভেম্বর ২০১৭, শুক্রবার সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত রাজধানী ঢাকার বুয়েট মেইন ক্যাম্পাস, বুয়েট পলাশী ক্যাম্পাস ও ইডেন মহিলা কলেজে অনুষ্ঠিত হয়েছে। মোট ৬২টি ডিসিপ্লিন-এ ভর্তির জন্য ১০৯৯টি আসনের বিপরীতে পরীক্ষার্থীর সংখ্যা ছিলো ৮১৬২ জন। অনুষদ ভিত্তিক পরীক্ষার্থী ও আসন সংখ্যা হলো- মেডিসিন অনুষদে পরীক্ষার্থী ৩৫৩৬ জন, আসন ৪৭৫টি, সার্জারি অনুষদে পরীক্ষার্থী ৩৩৩৮ জন, আসন ৪৫৯টি, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদে পরীক্ষার্থী ৯৬৩ জন, আসন ১১৯টি এবং ডেন্টাল অনুষদে পরীক্ষার্থী ৩২৫ জন, আসন ৪৬টি। আজ শুক্রবার সকাল ৯টা ৩০ মিনিটে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং ভবন, ইএমই ভবন, পুরাতন একাডেমী ভবন, আর্কিটেকচার ভবন, ইউআরপি ভবন, পলাশীর নতুন একাডেমী এবং ইডেন মহিলা কলেজের ২নং ভবনে অনুষ্ঠিত পরীক্ষার বিভিন্ন হল পরিদর্শন করেন। মাননীয় উপাচার্য সূষ্ঠ ও সুন্দরভাবে পরীক্ষা কার্যক্রম সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করেছেন। পরীক্ষার বিভিন্ন হল পরিদর্শনের সময় সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এ এস এম জাকারিয়া স্বপন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, সার্জারি অনুষদের ডীন অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদের ডীন অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান, ডেন্টাল অনুষদের ডীন অধ্যাপক ডা. গাজী শামীম হাসান, নার্সিং অনুষদের ডীন অধ্যাপক ডা. অসীম রঞ্জন বড়ুয়া, মেডিক্যাল টেকনোলজি অনুষদের ডীন অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ ইফতেখার আলম প্রমুখসহ বিভিন্ন বিভাগের সম্মানিত সিনিয়র শিক্ষকবৃন্দ, কোর্স ডাইরেক্টরবৃন্দ, পরিচালকবৃন্দ, সহকারী প্রক্টরবৃন্দ উপস্থিত ছিলেন। এদিকে পরীক্ষা নিয়ন্ত্রক অফিস সূত্রে জানানো হয়েছে, আজ শুক্রবার রাতের মধ্যেই পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট [www.bsmmu.edu.bd](http://www.bsmmu.edu.bd) -এ প্রকাশ করা হবে এবং নোটিশ বোর্ডে টানিয়ে দেয়া হবে।